

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/7/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো "অঙ্গীকার নিরাপদ আমেরিকার" এর অনুমোদনের জন্য ডেমোক্রেটিক প্রেসিডেন্সিয়াল প্রার্থীদের আহ্বান জানান

গভর্নর কুওমো: "ঘৃণা ও বন্দুকের বিষয়ে প্রেসিডেন্ট ট্রাম্পের কাছে আমেরিকার জনগণকে সুস্পষ্ট বিকল্প উপহার দেওয়া এবং এই গণহত্যার যে স্থিতাবস্থা রয়েছে তা অবসান ঘটানোর দায়িত্ব সব ডেমোক্রেটদের ওপর বর্তায়।"

নিউ ইয়র্কবাসীর নেতৃত্ব এবং অনুসরণের জন্য শক্তিশালী বন্দুক সুরক্ষা আইন (Gun Safety Laws) অনুসরণের সার্থে কুওমো ডেমোক্রেটিক প্রেসিডেন্ট প্রার্থীদের আহ্বান করেন

কুওমো বলেন যে নিউইয়র্ক ডেমোক্রেটরা কেবল একজন প্রার্থীকে সমর্থন করবে যে একটি পরিষ্কার, শক্তিশালী বন্দুক আইন প্রোগ্রাম প্রণয়ন করবে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ডেমোক্রেটিক প্রেসিডেন্সিয়াল প্রার্থীদের "অঙ্গীকার নিরাপদ আমেরিকার" সমর্থন করার জন্য আহ্বান জানিয়েছেন, এটি বন্দুক সহিংসতা থেকে আমেরিকানদের সুরক্ষিত রাখতে একটি চার দফা পরিকল্পনা। এই সপ্তাহের শুরুতে এল পাসো, টেক্সাস এবং ডেটন, ওহিওতে ভয়াবহ গণহত্যার পরপরই [প্রেসিডেন্ট ট্রাম্পের নিন্দা করেছেন](#) [গভর্নর কুওমো](#) এবং মার্কিন কংগ্রেসকে নিউইয়র্কের নেতৃত্ব অনুসরণ করার এবং বন্দুক সুরক্ষার উল্লেখযোগ্য ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন। গভর্নর কুওমোর নেতৃত্বে, 2013 সালে নিউ ইয়র্ক সবচেয়ে শক্তিশালী বন্দুক নিয়ন্ত্রণ আইন কার্যকর করেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিরাপদ গোলাবারুদ এবং আগ্নেয়াস্ত্র প্রয়োগকরণ (Secure Ammunition and Firearms Enforcement, SAFE) আইন যা নৃশংস অপরাধীদের এবং মানসিকভাবে গুরুতর অসুস্থ মানুষদের কাছে যেন বন্দুক থাকতে না পারে, ব্যক্তিগত বন্দুক বিক্রয় প্রক্রিয়ায় যেন ব্যাকগ্রাউন্ড চেক করা অন্তর্ভুক্ত থাকে, অতিরিক্ত-ধারণক্ষমতায়ুক্ত ম্যাগাজিন এবং হামলা করার অস্ত্র যেন নিষিদ্ধ হয়, এবং অবৈধভাবে বন্দুক ব্যবহারের জন্য অপরাধের দণ্ড যেন আরো কঠোর হয় এসব বিষয় নিশ্চিত করে।

অঙ্গীকার নিরাপদ আমেরিকার

গভর্নর কুওমো গণতান্ত্রিক প্রেসিডেন্সিয়াল প্রার্থীদের নিম্নলিখিত বন্দুক সুরক্ষা ব্যবস্থা সমর্থন করার আহ্বান জানান:

1. বেআইনি অস্ত্রশস্ত্র ও উচ্চ ক্ষমতা সম্পন্ন ম্যাগাজিন বহষ্কার করা
2. বিপক্ষনকভাবে মানসিক অসুস্থ ব্যক্তিদের আগ্নেয়স্ত্র কেনা রোধ করতে একটি মানসিক স্বাস্থ্য ডেটাবেস তৈরি করা
3. ব্যক্তিগত বন্দুক বিক্রয় প্রক্রিয়া বন্ধ করার জন্য ইউনিভার্সাল ব্যাকগ্রাউন্ড চেক পাশ করা
4. যে সমস্ত ব্যক্তি তাদের নিজের ও অপরের জীবনের জন্য একটি ঝুঁকির কারণ তারা যাতে একটি আগ্নেয়স্ত্র ক্রয় করতে না পারেন তার জন্য রেড ফ্ল্যাগ বিলও প্রণীত হয়

2013 সালে স্যান্ডি হুক ট্র্যাজেডি়র পরে, গভর্নর কুওমো তাৎক্ষণিকভাবে SAFE অ্যাক্টকে চ্যাম্পিয়ন করে এবং পাশ করে পদক্ষেপ নিয়েছিলেন, যা দেশের সবচেয়ে শক্তিশালী বন্দুক নিয়ন্ত্রণ আইন কার্যকর করেছিল। SAFE আইনটি পাস হওয়ার পরে, 139,371 টি প্রতিবেদন মানসিক স্বাস্থ্য পেশাদারদের কাছ থেকে স্টেট কর্মকর্তাগণ পেয়েছেন যে মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের কাছ থেকে অস্ত্র দূরে রাখতে সেগুলো ছিলো যেমন "এমন আচরণে জড়িয়ে পড়বে যা নিজের বা অন্যের জন্য মারাত্মক ক্ষতির কারণ হতে পারে।" এই প্রতিবেদনগুলি - যা সম্ভাব্য বিপক্ষনক মানসিক স্বভাবের প্রায় 98,000 লোকের প্রতিনিধিত্ব করে - উপযুক্ত স্থানীয় লাইসেন্সিং কর্মকর্তাদের অবহিত করার জন্য ব্যবহৃত হয় যারা অস্ত্র লাইসেন্স স্থগিত বা বাতিল করে এবং স্থানীয় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের কাছে আত্মসমর্পণ করা হয়নি এমন অস্ত্রগুলি সরিয়ে দেওয়ার জন্য অনুরোধ করে।

নিউইয়র্ক স্টেট ছয় বছর আগে আইন পাশ করে এবং তারা কাজ করেছে। কোনো আইনী বন্দুক মালিকদের অধিকার লঙ্ঘিত করা হয়নি তবে অপ্রয়োজনীয়, বিপক্ষনক অস্ত্র রাস্তায় বহন বন্ধ রয়েছে এবং বিপক্ষনকভাবে মানসিক অসুস্থ লোকেরা বন্দুক কিনতে পারবে না। নিউইয়র্ক স্টেট হচ্ছে পরীক্ষাগার, আমরা এক্সপেরিমেন্ট প্রদান করেছি। এখন এটি দেশব্যাপী করুন।

###

অতিরিক্ত তথ্য এখানে উপলব্ধ www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)